



রাজশাহী বিশ্ববিদ্যালয়

দ্বাদশ সমাবর্তনে নিবন্ধিত গ্রাজুয়েটদের জ্ঞাতব্য

- দ্বাদশ সমাবর্তনে অংশগ্রহণের জন্য নিবন্ধিত গ্রাজুয়েটগণকে সমাবর্তন আইডি কার্ড ও আমন্ত্রণপত্র, একটি করে সমাবর্তন ব্যাগ, গাউন ও ক্যাপ, সমাবর্তন স্মারকপত্র, টেলিফোন নির্দেশিকা, ব্রেকফাস্ট কুপন ও লাঞ্চ কুপন সংশ্লিষ্ট বিভাগ থেকে প্রদান করা হবে। ১৬.১২.২০২৫ তারিখ বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত এবং ১৭.১২.২০২৫ তারিখ সকাল ৭:৩০ মিনিট থেকে সকাল ৮:৩০ মিনিট পর্যন্ত সমাবর্তন সামগ্রী বিতরণ করা হবে। এমফিল, পিএইচডি, এমডি, এমবিবিএস, বিডিএস ও ইনস্টিটিউটের ডিগ্রিপ্ৰাপ্ত গ্রাজুয়েটগণ এসব সামগ্রী উল্লিখিত সময়ে সিনেট ভবন থেকে গ্রহণ করবেন। গ্রাজুয়েটদেরকে সমাবর্তনের গাউন ও ক্যাপসহ কোনো সামগ্রী ফেরৎ দিতে হবে না।
- নিবন্ধিত গ্রাজুয়েটগণকে ১৭ ডিসেম্বর সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয় স্টেডিয়ামে সমাবর্তনস্থলে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে। সমাবর্তনস্থলে প্রবেশের সময় সমাবর্তন অবশ্যই আইডি কার্ড সাথে রাখতে হবে।
- সমাবর্তনের সময় সমাবর্তনস্থলে শুধুমাত্র নিবন্ধনকৃত গ্রাজুয়েটগণ প্রবেশ করতে পারবেন। সাংস্কৃতিক অনুষ্ঠানের সময় গ্রাজুয়েটবৃন্দের পরিবারের সদস্যরাও প্রবেশ করার সুযোগ পাবেন।
- নিরাপত্তা ও শৃঙ্খলার স্বার্থে সমাবেশস্থলের প্রবেশ পথে মেটাল ডিটেকটরসহ আর্চওয়ের ব্যবস্থা থাকবে। এ ব্যাপারে গ্রাজুয়েটগণকে সহযোগিতার জন্য অনুরোধ করা হচ্ছে।
- সমাবর্তনস্থল বিশ্ববিদ্যালয় স্টেডিয়ামের পশ্চিম গেট শুধুমাত্র ভিআইপি ও আমন্ত্রিত বিশিষ্ট অতিথিদের প্রবেশের জন্য সংরক্ষিত থাকবে। নিবন্ধিত গ্রাজুয়েটদের স্টেডিয়ামের পূর্ব, উত্তর ও দক্ষিণের গেট ব্যবহারের অনুরোধ করা হলো।
- নিবন্ধনকৃত গ্রাজুয়েটগণ ১ম বিজ্ঞান ভবন, ২য় বিজ্ঞান ভবন ও স্টেডিয়ামের ভিতরের ওয়াশরুমসমূহ ব্যবহার করতে পারবেন।
- নারী গ্রাজুয়েটগণের জন্য টিএসসিসি সংরক্ষিত থাকবে। সংশ্লিষ্ট সকলকে এ ব্যাপারে সহযোগিতার জন্য অনুরোধ করা হলো।
- স্টেডিয়ামের ভেতরে পূর্বপাশে ভ্রাম্যমান ওয়াসরুমের ব্যবস্থা থাকবে।
- সমাবর্তনে আগত গ্রাজুয়েটদের জন্য স্টেডিয়ামের ভিতরে (উত্তর-পূর্ব কোণে) ১টি এবং বাইরে (টিএসসিসি বটতলার পূর্ব পাশে) ১টি হেল্পডেস্ক থাকবে। এই হেল্পডেস্ক দুটি একইসাথে 'লস্ট এন্ড ফাউন্ড' সেবা প্রদান করবে। টিএসসিসির সামনে নিবন্ধিত গ্রাজুয়েটদের সাথে আগত বাচ্চাদের জন্য ফ্যামিলি জোন ও কিডস কর্ণার থাকবে।
- সমাবর্তন চলাকালে উপস্থিত গ্রাজুয়েটদের মোবাইল সাইলেন্ট মোড অথবা বন্ধ রাখতে হবে।
- গ্রাজুয়েটবৃন্দ চাইলে তাদের সঙ্গে আনা ব্যাগসমূহ সমাবর্তনের বাইরে হেল্পডেস্কে টোকেন গ্রহণ করে রাখতে পারবেন।
- জরুরি চিকিৎসা সেবার প্রয়োজন হলে সমাবর্তনস্থলের পাশে স্টেডিয়ামের ভেতরে দক্ষিণ-পূর্ব কোণে সংশ্লিষ্ট ডেস্কে যোগাযোগ করতে হবে।
- চিকিৎসার জন্য প্রয়োজনে রাজশাহী বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারেও যোগাযোগ করা যাবে। সমাবেশস্থলের বাইরে পূর্বপাশে দুটো অ্যান্ডুলেগের ব্যবস্থা থাকবে।
- সকালের নাস্তা কাউন্টারসমূহে সকাল ৭টা থেকে ৩ লাঞ্চ দুপুর ১২:৩০ মিনিট থেকে সরবরাহ করা হবে এবং এসবের কাউন্টারভিত্তিক বিস্তারিত বিন্যাস পরে জানানো হবে।
- গাড়ি/কার পার্কিংয়ের জন্য জুবেরী ভবনের মাঠ ও শহীদ হবিবুর রহমান হলের মাঠ ব্যবহার করা যাবে।
- নিবন্ধিত গ্রাজুয়েটদের এসএমএস/টেক্সট মেসেজের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা জানানো হচ্ছে।
- এছাড়া সমাবর্তন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সময়ে সময়ে ফেসবুকে University of Rajshahi পেইজে (লিঙ্ক: <https://www.facebook.com/rajshahi.university.ac.bd/>) প্রকাশ করা হচ্ছে। #